# বাংলাদেশ কৃষি ব্যাংক
**প্রধান কার্যালয়**
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫
ই-মেইলঃ
dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০২৪-২০২৫/১০৭ — তারিখঃ ২৫-০৭-২০২৪ খ্রি.

১। সকল উপব্যবস্থাপনা পরিচালক
২। সকল মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়
৩। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৫। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
৬। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ২০২৪-২০২৫ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে ১২০ (একশত বিশ) দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত) বিশেষ কর্মসূচী প্রসংগে।**

প্রিয় মহোদয়,

দেশের কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিতকরণ, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি, গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালীকরণ ও সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক এর কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। রাষ্ট্রমালিকানাধীন বিশেষায়িত ব্যাংক হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংক দেশ ও মানুষের কল্যাণে দায়বদ্ধ। আপনাদের গতিশীল ও সময়োপযোগী নেতৃত্ব, অক্লান্ত পরিশ্রম, নিরবচ্ছিন্ন প্রচেষ্টা ও আন্তরিক পদক্ষেপের মাধ্যমে ব্যাংকের সার্বিক উন্নতি আরও বৃদ্ধি করা সম্ভব হবে বলে আমার বিশ্বাস।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক এর আর্থিক ভিত্তি শক্তিশালী করার পাশাপাশি অদুর ভবিষ্যতে ব্যাংকটিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার প্রত্যয় নিয়ে ২০২৪-২০২৫ অর্থবছরে ঘোষিত সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে স্বল্পমেয়াদী পদক্ষেপ হিসেবে ১২০ দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত) বিশেষ কর্মসূচী প্রণয়ন করা হয়েছে। এই বিশেষ কর্মসূচীর বিস্তারিত বিবরণ নিম্নরূপঃ-

**০৩। কর্মসূচীর উদ্দেশ্য ঃ**

ক. খেলাপী ও পুনঃতফশীলকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন;
খ. প্রতিটি শাখার শ্রেণীকৃত ঋণ ন্যূণতম ৫% হ্রাসকরণ এবং যে সকল শাখায় ১০% এর উপরে শ্রেণীকৃত ঋণ রয়েছে, সেসকল শাখার শ্রেণীকৃত ঋণ অর্ধেক হ্রাসকরণ;
গ. কৃষি ও এসএমইসহ অন্যান্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিতকরণ;
ঘ. কম সুদবাহী (Low cost) ও সুদবিহীন (No-cost) আমানত সংগ্রহের মাধ্যমে সুদ ব্যয় হ্রাসকরণ;
ঙ. বিকেবি'র লোকসানি শাখাসমূহকে শতভাগ লাভজনক পর্যায়ে উন্নীতকরণ;
চ. লাভজনক শাখাসমূহকে তাদের লাভের পরিমান পূর্ববর্তী বৎসরের তুলনায় দ্বিগুণকরণ এবং লোকসানি শাখাসমুহকে লোকসান কাটিয়ে সমপরিমাণ মুনাফা অর্জন।

০৪। ২০২৪-২০২৫ অর্থবছরের ১২০ দিনের (০১ আগষ্ট হতে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত) কর্মসূচী বাস্তবায়নের জন্য সংযুক্ত ছক ( ছক-'ক') অনুযায়ী বিভিন্ন ব্যবসায়িক খাতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো। ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত বার্ষিক সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার আনুপাতিক (৪০%) হিসেবে অত্র কর্মসূচীর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তবে অত্র কর্মসূচীর মধ্যেই এসএমই খাতে ঋণ বিতরণ উক্ত খাতে মোট লক্ষ্যমাত্রার ৫০% অর্জন নিশ্চিত করতে হবে। উক্ত কর্মসূচী ৩টি ধাপে অনুষ্ঠিত হবে, যা নিম্নরুপঃ-

| বিবরণ | সময়কাল | দিন সংখ্যা | লক্ষ্যমাত্রার হার | বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের হার |
|---|---|---|---|---|
| ১ম ধাপ | ০১ আগষ্ট হতে ০৮ সেপ্টেম্বর | ৪০ দিন | ৩৩% | ১৯% |
| ২য় ধাপ | ০৯ সেপ্টেম্বর হতে ১৮ অক্টোবর | ৪০ দিন | ৩৩% | ৩০% |
| ৩য় ধাপ | ১৯ অক্টোবর হতে ২৮ নভেম্বর | ৪০ দিন | ৩৪% | ৪০% |

উল্লেখ্য, প্রতিটি ধাপের অর্জনের ঘাটতি পরবর্তী ধাপের সাথে যুক্ত হয়ে লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারিত হবে।

চলমান পাতা-০২

বিষয় ঃ ২০২৪-২০২৫ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে ১২০ (একশত বিশ) দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত) বিশেষ কর্মসূচী প্রসংগে।

৫। বিশেষ কর্মসূচীর কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলোঃ-

| ক্রম | কর্মসূচী | কার্যক্রম |
|---|---|---|
| ১ | আমানত সংগ্রহ | ১.১ চলতি অর্থবছরে সুদবিহীন ও স্বল্পসুদবাহী আমানতের পরিমান মোট আমানত স্থিতির ন্যূনতম ৪০ (চল্লিশ) শতাংশে উন্নীত করার লক্ষ্যে প্রতিটি শাখাকে অধিক পরিমাণ সুদবিহীন ও স্বল্পসুদবাহী আমানত সংগ্রহ করতে হবে।<br>১.২ নিয়ন্ত্রণকারী কার্যালয়সহ শাখার প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর মধ্যে আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা প্রদান করতে হবে।<br>১.৩ শাখার প্রতিটি কর্মকর্তা/কর্মচারীকে মাসে ন্যূনতম ১৫ টি নতুন আমানত হিসাব খোলার লক্ষ্যমাত্রা দিতে হবে।<br>১.৪ নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের প্রতিটি কর্মকর্তা/কর্মচারীকে মাসে ন্যূনতম ৫ টি নতুন আমানত হিসাব খোলার লক্ষ্যমাত্রা দিতে হবে।<br>১.৫ নতুন ও প্রচলিত সঞ্চয়ী স্কীম সমূহের বিষয়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে। |
| ২ | ঋণ বিতরণ | ২.১ প্রতিটি জেলা/ উপজেলা পর্যায়ের শাখা কর্তৃক প্রতি ধাপে ৪০ টি এবং প্রতিটি ইউনিয়ন পর্যায়ের শাখা কর্তৃক প্রতি ধাপে ২০ টি করে নতুন এসএমই (মেয়াদী/চলমান) ঋণ যথানিয়মে বিতরণ নিশ্চিত করতে হবে। একইভাবে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক প্রতি ধাপে ৩০ টি এবং বিভাগীয় মহাব্যবস্থাপক কর্তৃক প্রতি ধাপে ন্যূনতম ২০ টি নতুন ঋণ মঞ্জুর করতে হবে।<br>২.২ প্রতিটি বিভাগীয় কার্যালয় হতে মাসে ন্যূনতম ০৫ টি নতুন ঋণ প্রস্তাব প্রধান কার্যালয়ের ক্ষমতায় মঞ্জুরীর জন্য প্রেরণ করতে হবে।<br>২.৩ প্রতিটি শাখাকে মাসে ০১ (এক) দিন ক্যাম্প/মহাক্যাম্প আয়োজনের মাধ্যমে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে প্রকাশ্যে ঋণ বিতরণ করতে হবে।<br>২.৪ কৃষি ঋণসহ অন্যান্য সকল খাতে ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে শাখা ব্যবস্থাপক কর্তৃক মাঠকর্মীদের মধ্যে ঋণ বিতরণের সাপ্তাহিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে।<br>২.৫ এসএমই খাতে নতুন ঋণ, নারী উদ্যোক্তা ঋণ এবং গ্রিণ ব্যাংকিং ও সাসটেইনেবল ফাইনান্সিং খাতে আনুপাতিক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।<br>২.৬ পুরাতন ঋণ নবায়নের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত নিয়ম অনুসরণ করতে হবে। পারফর্মিং এসেট তথা নিয়মিত ঋণ স্থিতি বৃদ্ধির লক্ষ্যে গুনগত মানসম্পন্ন নতুন ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করতে হবে।<br>২.৭ ঋণ বিতরণকালে ঋণগ্রহীতা/কৃষকগণ যাতে ঋণ পেতে বিলম্ব বা হয়রানীর শিকার না হন তা নিশ্চিত করতে হবে;<br>২.৮ আমদানি বিকল্প শস্য (ডাল, তৈলবীজ, মসলাজাতীয় ফসল ও ভুট্টা) খাতে পর্যাপ্ত পরিমান ঋণ বিতরণ করে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে;<br>২.৯ বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিভিন্ন প্রনোদনা প্যাকেজ এর আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২.১০ বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কীমের (Refinance) আওতায় ঋণ প্রদান বৃদ্ধি করতে হবে।<br>২.১১ ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় নতুন ঋণ প্রদান করতে হবে।<br>২.১২ নতুন ঋণ বিতরণের ক্ষেত্রে সঠিকভাবে গ্রাহক নির্বাচন করতে হবে। |

চলমান পাতা-০৩

**বিষয় ঃ ২০২৪-২০২৫ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে ১২০ (একশত বিশ) দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত) বিশেষ কর্মসূচী প্রসংগে।**

| ক্রম | কর্মসূচী | কার্যক্রম |
|---|---|---|
| ৩ | ঋণ আদায় | ৩.১ আদায়ের গতি জোরদার করার লক্ষ্যে ঘোষিত সময়কালে ব্যাংকের শীর্ষ ৫০ ঋণ খেলাপীর সাথে ব্যবস্থাপনা পরিচালকসহ অন্যান্য নির্বাহীগণ এবং দ্বিতীয় শীর্ষ ৫০ ঋণ খেলাপীর সাথে উপব্যবস্থাপনা পরিচালকগণ ও প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকগণ দ্বি-পাক্ষিক সভা করে ঋণ আদায়ের কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন।<br>৩.১ বিভাগীয় মহাব্যবস্থাপকগণ বিভাগের শীর্ষ ৫০ ঋণ খেলাপীর সাথে, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ স্ব স্ব অঞ্চলের শীর্ষ ৫০ ঋণ খেলাপীর সাথে এবং শাখা ব্যবস্থাপকগণ শাখার শীর্ষ ২০ ও অন্যান্য ঋণ খেলাপীর সাথে দ্বি-পাক্ষিক সভা করে ঋণ আদায়ের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩.২ প্রতিটি শাখায় শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা হালনাগাদ করা এবং নিয়মিতভাবে ঋণ আদায়ে যথাযথ কার্যক্রম গ্রহণের পাশাপাশি দ্বি-পাক্ষিক আলোচনা সভার আয়োজন করতে হবে।<br>৩.৩ সকল শাখার সিসি ঋণের সুদ ত্রৈমাসিক ভিত্তিতে আরোপপূর্বক আদায় নিশ্চিত করতে হবে ।<br>৩.৪ সকল শাখার WCL-1 ঋণ গ্রহীতাদেরকে লিগ্যাল/বিশেষ নোটিশ ইস্যু ও বিতরণ নিশ্চিতকরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>৩.৫ যে সমস্ত এলাকায় অধিক খেলাপী ঋণ গ্রহীতা রয়েছে সে সকল এলাকাকে অগ্রাধিকার দিয়ে সংশ্লিষ্ট মাঠকর্মীদেরকে ব্যাপকভাবে মাঠে ভ্রমণ এবং ঋণ গ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ ও তাগিদ প্রদান নিশ্চিতকরণের মাধ্যমে ঋণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.৬ ঋণ আদায় ত্বরান্বিত করার জন্য গ্রাহক সমাবেশ ও ঋণ আদায় ক্যাম্পের আয়োজন করতে হবে।<br>৩.৭ অবলোপনকৃত ঋণ থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় শতভাগ নিশ্চিত করতে হবে।<br>৩.৮ পুনঃতফসিলকৃত ঋণ যাতে পুনরায় শ্রেণীকৃত ঋণে পরিণত না হয়, সে লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যেই আদায় নিশ্চিত করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩.৯ নিবিড় যোগাযোগের মাধ্যমে শাখার বর্তমান তামাদি ঋণ আদায় নিশ্চিতসহ নতুন তামাদি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.১০ অর্থ ঋণ আদালত, মানিস্যুট ও সার্টিফিকেট মামলাসমূহ অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে মামলা নিষ্পত্তির আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। এক্ষেত্রে ১২০ দিনের লক্ষ্যমাত্রা হবে সংশ্লিষ্ট বিভাগের মোট অনিষ্পন্ন মামলার ২০%, যা শাখা ও অঞ্চল পর্যায়ে বন্টন করতে হবে। |
| ৪ | বৈদেশিক রেমিট্যান্স | ৪.১ অর্থবছরের শুরু থেকেই বৈদেশিক রেমিটেন্স সংগ্রহের জন্য সর্বাত্মক প্রচেষ্টা/উদ্যোগের মাধ্যমে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।<br>৪.২ উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে বিদেশে অবস্থানরতদের (NRB) ডাটাবেইজ তৈরী করে তাদের সাথে নিয়মিত যোগাযোগ করতে হবে। শাখা ও নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের প্রতিটি কর্মকর্তা/ কর্মচারীকে মাসে গড়ে ৮টি বৈদেশিক রেমিট্যান্স গ্রহীতা আনতে হবে;<br>৪.৩ ব্যবস্থাপনা পরিচালকের উপস্থিতিতে বিভিন্ন এক্সচেঞ্জ কোম্পানীর স্থানীয় প্রতিনিধিদের সাথে পর্যায়ক্রমে সভা আয়োজনের মাধ্যমে সম্পর্ক উন্নয়ন ও বৈদেশিক রেমিট্যান্স বৃদ্ধির ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৪.৪ বিভিন্ন এক্সচেঞ্জ কোম্পানীর সহযোগীয়তায় বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে রেমিট্যান্স সংগ্রহের জন্য গ্রাহকদেরকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে বিভিন্ন প্রচারণা ও পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

চলমান পাতা-০৪

**বিষয় ঃ ২০২৪-২০২৫ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে ১২০ (একশত বিশ) দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত) বিশেষ কর্মসূচী প্রসংগে।**

| ক্রম | কর্মসূচী | কার্যক্রম |
|---|---|---|
| ৫ | ঋণ অবলোপন | ৫.১ দীর্ঘদিনের পুরোনো ও আটকে পড়া ঋণসমূহ যথাযথ নীতিমালা অনুযায়ী অবলোপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ১২০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিভাগের মোট অবলোপনযোগ্য ঋণের ২৫% অবলোপন করতে হবে। |
| ৬ | মুনাফা অর্জন | ২০২৪-২০২৫ অর্থবছরের মুনাফা অর্জনকারী শাখার বার্ষিক লক্ষ্যমাত্রা হবে ৩০.০৬.২০২৪ তারিখে অর্জিত মুনাফার দ্বিগুন এবং লোকসানকারী শাখার ক্ষেত্রে লোকসান কাটিয়ে সমপরিমাণ মুনাফা অর্জন করতে হবে। এক্ষেত্রে ১২০ দিনের লক্ষ্যমাত্রা হবে মুনাফা অর্জনকারী শাখার ক্ষেত্রে বিগত বছরের অর্জিত মুনাফার ৮০% মুনাফা অর্জন করতে হবে এবং লোকসানকারী শাখাসমুহকে বিগত বছরের লোকসানের পরিমাণ ৮০% কমাতে হবে। |
| ৭ | অন্যান্য কার্যক্রম | ৭.১ ট্রেজারী চালানের নির্ধারিত আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।<br>৭.২ আমদানী ও রপ্তানী খাতে নির্ধারিত আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।<br>৭.৩ শাখাসমুহকে অন্যান্য আয় বৃদ্ধির প্রয়োজনীয় ও যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৭.৪ ব্যাংকার-কাস্টমার সম্পর্ক উন্নয়ন ও যথাযথ গ্রাহকসেবা প্রদানের লক্ষ্যে শাখার উন্নত কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে। |

০৬। **নিয়ন্ত্রণকারী কার্যালয়ের ক্ষেত্রে নির্দেশনা ও কমিটি গঠনঃ**

ক. বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে পিছিয়ে থাকা শাখায় অগ্রাধিকার ভিত্তিতে নিয়মিতভাবে পরিদর্শন করে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের মাধ্যমে সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করবেন;

খ. বিভাগীয় কার্যালয়ের বিভিন্ন স্তরের ন্যূনতম ০৩ জন কর্মকর্তার সমন্বয়ে এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের ন্যূনতম ০৩ জন কর্মকর্তার সমন্বয়ে একটি করে মনিটিরিং সেল গঠন করতে হবে। উক্ত সেলের সদস্যগণ কার্যালয় প্রধানের অনুমোদনক্রমে কর্মসূচীর অগ্রগতি নিবিড় তদারকি করবেন। উক্ত সেল সাপ্তাহিক ভিত্তিতে কার্যালয় প্রধানের নিকট উপস্থাপন করবেন;

গ. **কর্মসূচী শুরুতেই মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে শাখা/অঞ্চলকে লাভজনক পর্যায়ে উন্নীত করার জন্য SWOT Analysis এর মাধ্যমে অধিনস্থ প্রতিটি শাখার সম্ভাবনা ও দুর্বল দিকগুলো পর্যালোচনা করে শাখাভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহন করবেন।**

০৭। **প্রধান কার্যালয়ের নির্বাহীগণের করণীয় ও তদারকির বিভাগসমূহ ঃ-**

| ক্রঃ নং | পদবী | দায়িত্বপ্রাপ্ত বিভাগসমূহ |
|---|---|---|
| ০১ | উপব্যবস্থাপনা পরিচালক-১ | খুলনা, বরিশাল ও সিলেট |
| ০২ | উপব্যবস্থাপনা পরিচালক-২ | স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ |
| ০৩ | উপব্যবস্থাপনা পরিচালক-৩ | কুমিল্লা, কুষ্টিয়া ও ফরিদপুর |

উপরিল্লিখিত তালিকা অনুযায়ী নির্বাহীগণ দায়িত্বপ্রাপ্ত বিভাগসমূহের আওতাধীন কর্পোরেট শাখা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও শাখাসমূহের পারফরমেন্স/কর্মসূচীর অর্জিত অগ্রগতি মূল্যায়নপূর্বক প্রতি সপ্তাহে ভার্চুয়াল (Zoom) সভা করবেন এবং প্রয়োজনে বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করবেন।

চলমান পাতা-০৫

**বিষয় ঃ ২০২৪-২০২৫ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে ১২০ (একশত বিশ) দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত) বিশেষ কর্মসূচী প্রসংগে।**

০৮। কর্মসূচী বাস্তবায়ন ও তদারকি কমিটিঃ

বিশেষ কর্মসূচী বাস্তবায়ন ও তদারকি করার জন্য প্রধান কার্যালয়ের নির্বাহীগণের সমন্বয়ে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো। কমিটি প্রতি সপ্তাহে ১২০ দিনের বিশেষ কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রতিবেদন আকারে উপস্থাপন করবেন।

| ক্রম | নাম | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১ | জনাব চানু গোপাল ঘোষ | উপব্যবস্থাপনা পরিচালক-১ | সভাপতি |
| ২ | জনাব খান ইকবাল হোসেন | উপব্যবস্থাপনা পরিচালক-২ | সদস্য |
| ৩ | জনাব সালমা বানু | উপব্যবস্থাপনা পরিচালক-৩ | সদস্য |
| ৪ | জনাব আবু সাঈদ মোঃ রওশানুল হক | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) | সদস্য |
| ৫ | জনাব মোহাঃ খালেদুজ্জামান | মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) | সদস্য |
| ৬ | জনাব কে. এম. হাবিব-উন-নবী | উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ | সদস্য সচিব |

০৯। ব্যবস্থাপনা পরিচালক পাক্ষিক/মাসিক ভিত্তিতে ভার্চুয়াল (জুম মিটিং) সভার মাধ্যমে সকল মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, কর্পোরেট শাখার ব্যবস্থাপকসহ প্রয়োজনের সকল শাখা ব্যবস্থাপকদের সাথে বিশেষ কর্মসূচীর অগ্রগতি তদারকি করবেন এবং বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করবেন।

১০। বিশেষ নির্দেশনা ঃ

ক বিভাগীয় মহাব্যবস্থাপকগণ তাদের আওতাধীন মুখ্য অঞ্চল/অঞ্চল/কর্পোরেট শাখার মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ ২৯-০৭-২০২৩ ইং তারিখের মধ্যে এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ তাদের আওতাধীন শাখাসমূহে লক্ষ্যমাত্রাসমূহ ৩১-০৭-২০২৩ তারিখের মধ্যে বন্টন করে দিবেন;

খ. বিশেষ কর্মসূচী সফল বাস্তবায়নের জন্য প্রতিটি শাখায় ব্যানার টাঙ্গানো ও লিফলেট বিতরণের মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহন করতে হবে। উক্ত প্রচারনার কাজে প্রতিটি শাখার জন্য গড়ে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) বরাদ্দ থাকবে। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণ বাস্তবতার নিরিখে বরাদ্দকৃত বাজেট পুনঃবন্টন করতে পারবেন।

১১। কর্মসূচী সফল বাস্তবায়নের জন্য মূল্যায়ন ও পুরস্কার প্রদানঃ

ক. বিশেষ কর্মসূচীতে সার্বিক লক্ষ্যমাত্রা অর্জনকে ক্রেডিট পয়েন্ট এর ভিত্তিতে মূল্যায়ন করা হবে। বরাদ্দকৃত লক্ষ্যমাত্রার ৫০% এর কম অর্জনের ফলে সংশ্লিষ্ট খাতে কোন ক্রেডিট পয়েন্ট প্রদান করা হবে না। এ বিষয়ে বিস্তারিত নির্দেশনা পরিশিষ্টে সংযুক্ত "ছক- খ" তে প্রদান করা হয়েছে ১১ টি ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে ২৫ টি খাতের জন্য সর্বমোট ১০০ নম্বর বরাদ্দ থাকবে।

খ. প্রধান কার্যালয় কর্তৃক ক্রেডিট পয়েন্ট হিসাবায়ন চূড়ান্ত করা হবে;

গ. সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ শাখার কার্যক্রম ধাপ ভিত্তিক মনিটরিং ও মূল্যায়ন করে প্রতিটি ধাপের অর্জন প্রতিবেদন পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে সংযুক্ত (ছক-'গ') ছকে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে এবং বিভাগীয় কার্যালয় মুখ্য অঞ্চল/অঞ্চল ভিত্তিক উক্ত প্রতিবেদন সংকলন করে পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে উল্লিখিত ছকে (ছক-'গ') শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করবে;

ঘ. বিশেষ কর্মসূচীতে প্রদত্ত সকল লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে প্রাপ্ত সর্বোচ্চ ক্রেডিট পয়েন্টের ভিত্তিতে ৩ জন বিভাগীয় মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বেসহ), মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও কর্পোরেট শাখা ব্যবস্থাপকদের মধ্যে থেকে ৩ জন এবং প্রতিটি বিভাগ হতে ৩ জন ও প্রতিটি মুখ্য অঞ্চল/অঞ্চল হতে ৩ (তিন) জন শাখা ব্যবস্থাপক-কে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে প্রশংসাপত্র প্রদান করা হবে। যা তাদের পরবর্তী পদোন্নতিতে সহায়ক হিসেবে বিবেচিত হবে। পাশাপাশি যেসব শাখা ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক এবং বিভাগীয় মহাব্যবস্থাপক ১২০ দিনের বিশেষ কর্মসূচীর লক্ষ্যমাত্রার ন্যূনতম ৫০% অর্জনে ব্যর্থ হবেন তাদের বিরুদ্ধে তিরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে;

চলমান পাতা-০৬

**বিষয় ঃ ২০২৪-২০২৫ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে ১২০ (একশত বিশ) দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত) বিশেষ কর্মসূচী প্রসংগে।**

ঙ. ক্রেডিট পয়েন্ট হিসাবায়নের পদ্ধতিঃ

উদাহরণ-১ঃ শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/বিভাগ কর্তৃক লক্ষ্যমাত্রার ১০০% ও তদুর্ধ অর্জিত হলে অর্জিত ক্রেডিট পয়েন্ট হবে ১.০০।

উদাহরণ-২ঃ শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/বিভাগ কর্তৃক লক্ষ্যমাত্রার ৮০% অর্জিত হলে অর্জিত ক্রেডিট পয়েন্ট হবে ১.০০* ৮০%=০.৮০

উদাহরণ-৩ঃ শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/বিভাগ কর্তৃক লক্ষ্যমাত্রার ৫০% অর্জিত হলে অর্জিত ক্রেডিট পয়েন্ট হবে ১.০০*৫০%=০.৫০।

১২। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, প্রত্যেকে নিজ নিজ অবস্থান থেকে পরিকল্পিতভাবে সততা, দক্ষতা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করলে ব্যাংকের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করা সম্ভব হবে এবং ব্যাংকটি লোকসান কাটিয়ে একটি লাভজনক প্রতিষ্ঠানে উন্নীত হবে।

ধন্যবাদান্তে-

**(মোঃ শওকত আলী খান)**
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০২৪-২০২৫/১০৭ তারিখঃ ২৫-০৭-২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। নথি/মহানথি।

২৫.০৭.২০২৪

**(আবু সাঈদ মোঃ রওশানুল হক)**
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

# বাংলাদেশ কৃষি ব্যাংক

------- শাখা/ অঞ্চল/বিভাগ

(ছক-'খ')

**বিষয় ঃ ১২০ দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত) কর্মসূচীতে লক্ষমাত্রা অর্জনের মূল্যায়ন প্রতিবেদন।**

**( শাখার ক্ষেত্রে লক্ষ্য টাকায়/ অঞ্চল ও বিভাগের ক্ষেত্রে কোটি টাকায়)**

| ক্রম | খাতের নাম | শাখা/কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলের নাম | | | | | | | | | সর্বমোট | | বরাদ্দকৃত ক্রেডিট পয়েন্ট | প্রাপ্ত ক্রেডিট পয়েন্ট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রথম ধাপ ( ৩৩%) | | | দ্বিতীয় ধাপ ( ৩৩%) | | | তৃতীয় ধাপ ( ৩৪%) | | | অর্জন | হার | | |
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | | | | |
| ১ | **আমানত সংগ্রহ** | | | | | | | | | | | | **২৫** | |
| | ক.Low/No Cost (চলতি/সঞ্চয়ী/এসএনডি) | | | | | | | | | | | | ১০ | |
| | খ. High Cost (মেয়াদী/স্কীমসমুহ) | | | | | | | | | | | | ৬ | |
| | ক. চলতি হিসাব | | | | | | | | | | | | ২ | |
| | খ. সঞ্চয়ী/এসএনডি হিসাব | | | | | | | | | | | | ৩ | |
| | ঘ. আমানত স্কীম হিসাব | | | | | | | | | | | | ১ | |
| | ঙ. ডেবিট কার্ড ইস্যু | | | | | | | | | | | | ১ | |
| | চ. ক্রেডিট কার্ড ইস্যু | | | | | | | | | | | | ১ | |
| | ঘ. সার্বজনীন পেনশন স্কীম | | | | | | | | | | | | ১ | |
| ২ | **ক. ঋণ বিতরণ (কৃষি ঋণ, এসএমই ঋণ, আমদানী ও রপ্তানী বাণিজ্য)** | | | | | | | | | | | | **৩০** | |
| | ক. কৃষি ঋণ (প্রণোদনাসহ) | | | | | | | | | | | | ৬ | |
| | খ. নতুন সিএমএসএমই ঋণ (প্রণোদনাসহ) | | | | | | | | | | | | ৬ | |
| | গ. নারী উদ্যোক্তা (নতুন ঋণ) | | | | | | | | | | | | ৩ | |
| | ঘ. গ্রিণ ব্যাংকিং ও সাসটেইনেবল ফাইনান্সিং ঋণ | | | | | | | | | | | | ২ | |
| | ঙ. আমদানী ব্যবসা | | | | | | | | | | | | ৪ | |
| | চ. রপ্তানি ব্যবসা | | | | | | | | | | | | ৪ | |
| | ছ. ঘরে ফেরা পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় | | | | | | | | | | | | ১ | |
| | জ. অন্যান্য প্রণোদনা প্যাকেজের আওতায় | | | | | | | | | | | | ২ | |
| | ঝ. অন্যান্য ঋণ (প্রনোদনা ব্যতীত) | | | | | | | | | | | | ২ | |
| ৩ | **ঋন আদায়** | | | | | | | | | | | | **২০** | |
| | ক. শ্রেণিকৃত ঋণ | | | | | | | | | | | | ৭ | |
| | খ. শ্রেণিযোগ্য-০১ | | | | | | | | | | | | ৪ | |
| | গ. দ্বিগুনের আওতায় আদায়যোগ্য ঋণ | | | | | | | | | | | | ৩ | |
| | ঘ. পুনঃতফসিলিকৃত ঋণ (WCL-1,WCL-2 ব্যতীত) | | | | | | | | | | | | ৩ | |
| | ঙ. ৫২-স্থগিত সুদ আদায় | | | | | | | | | | | | ২ | |
| | চ. অবলোপনকৃত ঋন আদায় | | | | | | | | | | | | ১ | |
| ৪ | বৈদেশিক রেমিটেন্স আহরণ | | | | | | | | | | | | ১০ | |
| ৫ | মামলা নিষ্পত্তি (সকল ধরনের মামলা (সংখ্যায়) | | | | | | | | | | | | ৫ | |
| ৬ | মুনাফা অর্জন | | | | | | | | | | | | ৮ | |
| ৭ | কর্মপরিবেশ উন্নয়ন | | | | | | | | | | | | ২ | |
| | **সর্বমোট** | | | | | | | | | | | | **১০০** | |

**বিশেষ নির্দেশনাঃ**

১। লক্ষ্যমাত্রার ১০০% অর্জিত হলে পূর্ণ ক্রেডিট পয়েন্ট প্রাপ্য হবেন। ১০০% এর কম হলে আনুপাতিক হারে ক্রেডিট পয়েন্ট প্রাপ্য হবেন।

২। ৫০% এর কম অর্জনের ফলে সংশ্লিষ্ট খাতের জন্য কোন ক্রেডিট পয়েন্ট বিবেচনা করা হবে না।

৩। যে সকল শাখা/অঞ্চল/বি ভাগে আমদানী ও রপ্তানি লক্ষ্যমাত্রা নেই, সে সকল ক্ষেত্রে অন্যান্য খাতসমূহে প্রাপ্ত ক্রেডিট পয়েন্টকে ১০০% এ রুপান্তর করে হিসাবায়ন করা হবে।

৪। শাখার কর্মপরিবেশ এর বিষয়ে সংশ্লিষ্ট অঞ্চল প্রধান এবং অঞ্চলের কর্মপরিবেশ এর বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক মূল্যায়ন ও ক্রেডিট পয়েন্ট প্রদান করবেন।

৫। নতুন খোলা হিসাবসমূহে ন্যুণতম পরিমাণ আমানত সংরক্ষণ করতে হবে।

৬। ক্রেডিট পয়েন্ট এর প্রমানক হিসেবে প্রযোজ্য ক্ষেত্রে অঞ্চল/বিভাগের ৩০.০৬.২৪ ভিত্তিক সাপ্তাহিক প্রতিবেদন মূল্যায়ন প্রতিবেদনের সাথে প্রেরণ করতে হবে।

কে, এম, হাবিব-উন-নবী
উপমহাব্যবস্থাপক